

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি:/১৯৬৮/২০১১/

তারিখ : ০৭/২০১৬ খ্রিঃ

বিষয় : সাময়িকভাবে বরখাস্ত (Suspension) হওয়ার পরও প্রতিষ্ঠান প্রধানের পদবী ব্যবহার করে পত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৭৬.০৮.০১৪.২০১৬-৪৫২ তারিখ: ১৮ মে, ২০১৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল মালেক এর বিরুদ্ধে একাডেমিক ও প্রশাসনিক কাজে অদক্ষতা, অব্যবস্থাপনা, অমনোযোগিতা, আর্থিক অনিয়ম ও অসঙ্গতি, স্বৈচ্ছাচারিতা, দুর্নীতিসহ নিয়মিত অফিসে উপস্থিত না থাকার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১(১) বিধি অনুযায়ী সাময়িকভাবে বরখাস্ত (Suspension) করা হয়।

- ২। তিনি সাময়িকভাবে বরখাস্ত হওয়ার পরও পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ পদবী ব্যবহার করে এ অধিদপ্তরে পত্র প্রেরণ করেন। যা সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থী ও অসদাচরণের শামিল।
- ৩। এমতাবস্থায়, এহেন কার্যক্রম থেকে তাকে বিরত থাকার জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-

( আ. ন. ম. সালাহ উদ্দীন খান )

পরিচালক (পিআইইউ)

রুটিন দায়িত্ব পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ আব্দুল মালেক  
অধ্যক্ষ [সাময়িক বরখাস্ত (Suspension)]  
পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ  
ও  
জনাব মোঃ আব্দুল মালেক  
পিতা: আবদুস শহীদ  
গ্রাম: ইলিশা, পো: মুরাদ শফি উল্লাহ  
উপজেলা: ভোলা, জেলা: ভোলা।

স্মারক নং- টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তি:/১৯৬৮/২০১১/ ১১৬ (১০)

তারিখ : ১৬/০৭/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/ পি.আই.ইউ/ পি.আই.ডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ০৩। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), পটুয়াখালী টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০৫। সহকারী পরিচালক (ডিডিও), ভোকেশনাল শাখা-০৭, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। পিএ টু পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১০। সংরক্ষন নথি

( সমর কান্তি হালদার )  
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।